ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৮৬
আগরতলা, ১৫ আগস্ট, ২০২৫

# রাষ্ট্রপতি পুলিশ পদক ও স্বরাষ্ট্রমন্ত্রীর পুলিশ পদক প্রদান

আসাম রাইফেলস ময়দানে রাজ্যভিত্তিক স্বাধীনতা দিবস পালন অনুষ্ঠানে এবছর যেসব পুলিশ অফিসার ও কর্মীগণ রাষ্ট্রপতির পুলিশ পদক পাচ্ছেন তাদের নাম ঘোষণা করা হয়েছে। তারা হলেন ডেপুটি আই.জি.পি. নর্দান রেঞ্জ রতিরঞ্জন দেবনাথ, টি.এস.আর. প্রথম ব্যাটেলিয়নের সুবেদার (জি.ডি.) পাসুরাম দেববর্মা, টি.এস.আর. পঞ্চম ব্যাটেলিয়নের হাবিলদার (জি.ডি.) দিলীপ কুমার সিংহ, স্পেশাল ব্রাঞ্চের কনস্টেবল ধ্রুব কাপালি, কে.টি.ডি.এস. পুলিশ ট্রেনিং একাডেমির কনস্টেবল উত্তম দেবনাথ, উত্তর জেলার কনস্টেবল হেমেন্দ্র চন্দ্র নাথ। ২০২৬ সালের প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে তাদের পুরস্কৃত করা হবে।

আজ এই অনুষ্ঠানে ২০২৩ এবং ২০২৪ সালে প্রজাতন্ত্র দিবস ও স্বাধীনতা দিবসে যেসব পুলিশ আধিকারিক ও হোমগার্ড কর্মীগণ রাষ্ট্রপতি এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দেওয়া বিভিন্ন পদকে ভূষিত হয়েছেন তাদের পদক প্রদান করে সম্মানিত করা হয়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা তাদের পদক পরিয়ে দেন। রাষ্ট্রপতির পুলিশ পদক পেয়েছেন ইনস্পেক্টর (ইউ.বি.) দেবব্রত পাল, ডেপুটি এস.পি. (ট্রাফিক) দীপক কুমার সরকার, পশ্চিম জেলার ইনস্পেক্টর (ইউ.বি.) রাণা চ্যাটার্জি, ষষ্ঠ ব্যাটেলিয়ন টি.এস.আর.-এর সুবেদার (জি.ডি.) কৌস্তব ভট্টাচার্য, পুলিশ ট্রেনিং একাডেমির এস.আই. (এ.বি.) পিন্টু মজুমদার, টি.এস.আর. দশম ব্যাটেলিয়নের নায়েক / সুবেদার (ক্লার্ক) আব্দুল সহিদ, টি.এস.আর. সপ্তম ব্যাটেলিয়নের হাবিলদার (জি.ডি.) বিনন্দ জমাতিয়া, ডেপুটি এস.পি. পশ্চিম জেলা কমলকৃষ্ণ কলই, টি.এস.আর. অষ্টম ব্যাটেলিয়নের সুবেদার (জি.ডি.) ক্ষিরোদ দেববর্মা, টি.এস.আর. দ্বাদশ ব্যাটেলিয়নের হাবিলদার (জি.ডি.) নীহার দেববর্মা, এই ব্যাটেলিয়নেরই নায়েক জি.ডি. নির্মল দাস, স্পেশাল ব্রাঞ্চের কনস্টেবল সুজন কান্তি চৌধুরী, স্পেশাল ব্রাঞ্চের কনস্টেবল জয়ন্তী চক্রবর্তী।

উল্লেখযোগ্য সেবার জন্য হোমগার্ড ও সিভিল ডিফেন্স মেডেল পেয়েছেন হোমগার্ড নান্টু চাকমা, হোমগার্ড বিকাশ চন্দ্র সাহা, হোমগার্ড নবকুমার সরকার। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর পুরস্কার পেয়েছেন সিপাহীজলা জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর, ইনস্পেক্টর (ইউ.বি.) নন্দন দাস, এস.আই. (ইউ.বি.) নাম চয় ময়া ডার্লং। অসাধারণ আসুচনা কুশলতা পদকে পুরস্কৃত হয়েছেন স্পেশাল ব্রাঞ্চের অতিরিক্ত পুলিশ সুপার শ্যামানন্দ শর্মা। কর্মক্ষেত্রে উল্লেখযোগ্য পারদর্শিতা ও দক্ষতার জন্য তাদের পুরস্কৃত করা হয়।

*****